

2 0 1 6

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭
- (ক) “বিশেষ বুঝিলাম মাগো তোমার মনের আশ।”
এখানে কাকে ‘মা’ বলা হয়েছে?
- (খ) “রমা-দৃষ্টিপাতে সর্বলোক সুখে বসে।”
‘রমা’ শব্দের অর্থ কী?
- (গ) হরিহোড়ের ভাঙা কুঁড়েরে সর্বমোট ক’জন থাকতেন?
- (ঘ) ‘ফাঁকি’ কবিতায় রুক্মিণির সঙ্গে বিনুর সাক্ষাৎ কোন্
স্টেশনে হয়েছিল?
- (ঙ) বেহলা অমরায় গিয়ে কার ‘নরম গান’ শুনেছিল?

- (চ) “গোলপাতা ছাউনির বুক চুমে...”
কবিতায় ‘সজিনার ডালে’ বসে পেঁচা কী বলে কাঁদে ?
- (ছ) “আকাশে সাতটি তারা যখন উঠেছে ফুটে
আমি পাই _____।”
(শূন্যস্থান পূর্ণ করো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) ‘নবদ্বীপ’ শীর্ষক কবিতার লেখক কে ? তাঁর কোন কাব্যগ্রন্থ থেকে পাঠ্যংশটি নেওয়া হয়েছে ?
- (খ) হরিহোড়ের মা ও বাবার নাম কী ছিল ?
- (গ) লহনা কে ? কোন কাব্যে লহনার নাম পাওয়া যায় ?
- (ঘ) শূন্যস্থান পূর্ণ করো :
“হয়তো দেখিবে চেয়ে _____ উড়িতেছে সন্ধ্যার বাতাসে;
হয়তো শুনিবে এক লক্ষ্মীপেঁচা ডাকিতেছে _____ ডালে;”

৩। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) : $৫ \times ৩ = ১৫$

- (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :
“শাস্ত্রে বলে, গুণবান যদি
পরজন, গুণহীন স্বজন, তথাপি
নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা।”
- (খ) “এই দুটি-মাস সুধায় দিলে ভ’রে
বিদায় নিলেম সেই কথাটি স্মরণ করে।”
প্রসঙ্গের উল্লেখ করে এর নিহিতার্থ ব্যাখ্যা করো।

- (গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
“অতিথি আপনি হবে উপোসী কেমনে রবে
অমের সংযোগ মোর নাই।
হেন ভাগ্য নাহি ধরি অতিথি সেবন করি
এই বেলা দেখ আর ঠাই ॥”

- (ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
“পৃথিবীর কোনো পথে দেখি নাই আমি, হয়, এমন বিজন
শাদা পথ—সোঁদা পথ—বাঁশের ঘোমটা মুখে বিধবার ছাঁদে
চ’লে গেছে—শ্মশানের পারে বুঝি;....”

- (ঙ) নিহিতার্থ বিশদ করো :
“কোথাও আসিবে মৃত্যু—কোথাও সবুজ মৃদু ঘাস
আমারে রাখিবে ঢেকে—ভোরে, রাতে, দু’পহরে
পাখির হৃদয়।”

- ৪। (ক) ‘চঞ্জীর চরণে মনসা’ কবিতাটি অবলম্বনে মনসার দুঃখময় জীবনের একটি রূপচিত্র অঙ্কন করো। ১০

অথবা

- (খ) ‘নবদ্বীপ’ শীর্ষক কবিতায় তৎকালীন নবদ্বীপ ধামের যে ধর্মীয় তথা সামাজিক চিত্র অঙ্কিত হয়েছে তার বর্ণনা দাও। ১০

- ৫। (ক) মেঘনাদের দৃষ্টিতে বিভীষণ চরিত্রটি যেভাবে প্রতিফলিত হয়েছে, তার একটি রূপচিত্র অঙ্কন করো। ১০

অথবা

- (খ) ‘ফাঁকি’ কবিতার বিষয়বস্তু সংক্ষেপে উপস্থাপিত করো। ১০

৬। (ক) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় কবির নিভৃত দৃষ্টিতে
বাংলার যে অপরূপ রূপ ফুটে উঠেছে তার বর্ণনা দাও। ১০

অথবা

(খ) 'এখানে আকাশ নীল' শীর্ষক কবিতাটির সারসংক্ষেপ
লিপিবদ্ধ করো। ১০
